

■ সহীহ ইবনু হিবান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৮৩৩

১৩. কিতাবুল হজ্জ (كتاب الحج)

পরিচ্ছেদঃ সাফা ও মারওয়া পাহাড়ের নিকট আল্লাহর শক্রদের উপর বদ দু'আ করা মুস্তাহাব হওয়া প্রসঙ্গে বর্ণনা

ذَكَرَ مَا يُسْتَحِبُّ الْمَرءُ أَنْ يَدْعُوا عَلَى أَعْدَاءِ اللَّهِ عِنْدَ الصَّفَا وَالْمَرْوَةِ

আরবী

3833 - أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ عَلَيِّ بْنِ الْمُتْنَى قَالَ: حَدَّثَنَا عُبَيْدُ اللَّهِ بْنُ عُمَرَ الْقَوَارِيرِيُّ
قَالَ: حَدَّثَنَا يَحْيَى الْقَطَّانُ قَالَ: حَدَّثَنَا إِسْمَاعِيلُ بْنُ أَبِي خَالِدٍ عَنْ أَبْنِ أَبِي أُوفَى قَالَ:
اعْتَمَرَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَطَافَ بِالْبَيْتِ ثُمَّ خَرَجَ فَطَافَ بَيْنَ الصَّفَّا
وَالْمَرْوَةِ وَنَحْنُ نَسْتَرُهُ مِنْ أَهْلِ مَكَّةَ أَنْ يَرْمِيَهُ أَحَدٌ أَوْ يُصِيبُهُ بِشَيْءٍ قَالَ: فَسَمِعْتُهُ يَدْعُو
عَلَى الْأَحْزَابِ يَقُولُ: (اللَّهُمَّ اهْزِمْهُمْ وَزَلِلْهُمْ مُنْزَلَ الْكِتَابِ سَرِيعُ الْحِسَابِ اهْزِمْ
الْأَحْزَابَ اللَّهُمَّ اهْزِمْهُمْ)

الراوي : ابن أبي أوفى | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات
الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3833 | خلاصة حكم المحدث: صحيح - ((صحيح أبي داود))
(2365)، ((تخریج فقه السیرة)) (304): ق.

বাংলা

৩৮৩৩. ইবনু আবী আওফা রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “আল্লাহর নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া
সাল্লাম উমরাহ করেছেন। তিনি বাইতুল্লাহর তাওয়াফ করেন। তারপর তিনি সেখান থেকে বের হয়ে এসে সাফা ও
মারওয়া পাহাড়ের মাঝে তাওয়াফ করেন। এসময় আমরা তাঁকে মক্কাবাসীদের থেকে আড়াল করে রাখছিলাম,
যাতে কোন ব্যক্তি তাঁকে তীর নিক্ষেপ করতে না পারে অথবা কোন কিছুর মাধ্যমে তিনি আঘাতপ্রাপ্ত না হন। রাবী
বলেন, “অতঃপর আমি তাঁকে যৌথ বাহিনীর বিরুদ্ধে বদ দু'আ করতে শুনেছি। তিনি বলছিলেন,
اللَّهُمَّ اهْزِمْهُمْ، وَزَلِلْهُمْ مُنْزَلَ الْكِتَابِ سَرِيعُ الْحِسَابِ اهْزِمِ الْأَحْزَابَ اللَّهُمَّ اهْزِمْ
(হে আল্লাহ, আপনি ওদেরকে পরাভূত করুন, তাদেরকে প্রকস্পিত করুন। হে কিতাব অবতীর্ণকারী, দ্রুত হিসাব গ্রহণকারী, আপনি সম্মিলিত বাহিনীকে
পরাভূত করুন। হে আল্লাহ, আপনি তাদেরকে পরাভূত করুন)।”[1]

ফুটনোট

[1] সহীহ ইবনু খুয়াইমাহ: ২৯৯০; মুসনাদ আহমাদ: ৪/৩৫৫; সহীল্ল বুখারী: ১৬০০; আবু দাউদ: ১৯০২; ইবনু মাজাহ: ২৯৯০; সুনান বাইহাকী: ৫/১০২।

হাদিসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহল্লাহ বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহল্লাহ হাদিসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ২৩৬৫)

হাদিসের মান: সহিহ (Sahih) পুঁঁজিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আবু আওফা (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=93172>

 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন